

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
আইন অনুবিভাগ



স্মারক নং- ৪৫.০০.০০০০.১৮৫.০৪.০৩৭.২০২০-১২৫


তারিখঃ ২৪-০৩-২০২০খ্রিঃ

বিষয়ঃ বিজ্ঞ আইনজীবী জনাব মনজিল মোরশেদ কর্তৃক দায়েরকৃত রিট ৩৮১৭/২০২০ নং মামলার আদেশের আলোকে কমিটি গঠন পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তর হতে ই-মেইলে প্রাপ্ত রিট ৩৮১৭/২০২০ নং মামলার ২২/০৩/২০২০ তারিখের আদেশ পর্যালোচনায় দেখা যায়, মাননীয় হাইকোর্ট করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ রোধের জন্য উক্ত ভাইরাস চিকিৎসার জন্য চিকিৎসকদের পার্সোনাল প্রোটেকশন ইকুপমেন্ট (পিপিই), সার্জিক্যাল মাস্ক, গ্লোভস, গাউন, সু-কভার, স্যানিটাইজার এবং প্রয়োজনীয় ঔষধসহ অতি প্রয়োজনীয় স্বাস্থ্য সুরক্ষা যন্ত্রপাতি সমূহের তালিকা প্রস্তুতির নিমিত্তে রিট মামলার ১,৪,৫,৬ এবং ৭ নং প্রতিপক্ষগণের সমন্বয়ে ০৫(পাঁচ) সদস্যের কমিটি দ্রুত গঠন পূর্বক উক্ত কমিটিকে নভেল করোনা ভাইরাস চিকিৎসার জন্য উপরোল্লিখিত দ্রব্যাদি ও স্বাস্থ্য সুরক্ষা যন্ত্রপাতি সমূহের তালিকা আগামী ৪৮ ঘন্টার মধ্যে প্রস্তুত পূর্বক পরবর্তী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে উক্ত দ্রব্যাদি সংগ্রহ করতঃ দ্রুত ৪-৬ নং প্রতিপক্ষের (ডিজি, স্বাস্থ্য অধিদপ্তর/ ঔষধ প্রশাসন অধিদপ্তর এবং পরিচালক সিএমএসডি) মাধ্যমে উক্ত দ্রব্যাদি দেশের সকল সরকারি এবং সরকারের নিয়ন্ত্রণাধীন হাসপাতাল ও চিকিৎসা কেন্দ্রের ডাক্তার/ নার্স/ হাসপাতাল কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত স্বাস্থ্য সুরক্ষার নিমিত্তে পৌছাইয়া দেওয়ার জন্য নির্দেশ প্রদান করেছেন। উক্ত আদেশের প্রেক্ষিতে নিম্ন বর্ণিত কমিটি গঠন করা হলঃ

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-	আহবায়ক
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-	সদস্য
৩। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা-	সদস্য
৪। পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার (সিএমএসডি), তেজগাঁও, ঢাকা-	সদস্য
৫। পরিচালক, সংক্রামক ব্যাধি হাসপাতাল, মহাখালী, ঢাকা-	সদস্য সচিব

কমিটি মাননীয় হাইকোর্টের উপর্যুক্ত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রম মাননীয় হাইকোর্টকে অবহিত করার জন্য এ অনুবিভাগকে নিয়মিত তথ্যাদি সরবরাহের নিমিত্ত সদস্য সচিব-কে অনুরোধ করা হল।

  
(আবদুল ওহাব খান)  
মুগ্ধসচিব  
ফোন-৯৫৪০৪৯৩

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার (সিএমএসডি), তেজগাঁও, ঢাকা।
- ৫। পরিচালক, সংক্রামক ব্যাধি হাসপাতাল, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (হাসপাতাল/ প্রশাসন/ উন্নয়ন/ বিশ্ব স্বাস্থ্য ও জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
  ২. জনাব প্রতিকার চাকমা, বিজ্ঞ ডেপুটি অ্যাটর্নি জেনারেল, কক্ষ নং ২১৮, অ্যাটর্নি জেনারেল ও সলিসিটর কার্যালয়, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
  ৩. বিজ্ঞ সলিসিটর, অ্যাটর্নি জেনারেল ও সলিসিটর কার্যালয়, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
  ৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
  ৫. আইন উপদেষ্টা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
  ৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)